

যুগান্তর

জাবি ছাত্রীকে ধর্ষণচেষ্টার অভিযোগে দুই যুবক আটক

👤 আশুলিয়া (ঢাকা) প্রতিনিধি

🕒 ১৫ মে ২০২৩, ২২:৫২:৩৬ | [অনলাইন সংস্করণ](#)



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ছাত্রীকে ধর্ষণচেষ্টার অভিযোগে দুই যুবককে আটক করে পুলিশে দিয়েছেন ওই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এ ঘটনায় ভুক্তভোগী বাদী হয়ে আশুলিয়া থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা দায়ের করেছেন।

সোমবার দুপুরে এ তথ্য নিশ্চিত করেন আশুলিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) এসএম কামরুজ্জামান। এর আগে রোববার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে।

আটককৃতরা হলেন- মো. রাকিব হোসেন ও মেজবাহ উদ্দিন। রাকিব রাজধানীর মিরপুরে এবং মেজবাহ বারিধারা এলাকায় থাকেন।

এ ব্যাপারে আশুলিয়া থানার এসআই সোহেল রানা খন্দকার জানান, জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯-এ কল দিয়ে শিক্ষার্থীরা ধর্ষণচেষ্টার ঘটনাটি পুলিশকে অবহিত করেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে অভিযুক্ত ব্যক্তিদের থানায় নিয়ে আসে। ভুক্তভোগী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী।

তার লিখিত অভিযোগ ও সহপাঠীদের সঙ্গে কথা বলে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন এক শিক্ষার্থীর মাধ্যমে ভুক্তভোগী ছাত্রীর সঙ্গে অভিযুক্ত ব্যক্তিদের পরিচয় হয়। রোববার রাতে ওই দুজন বিশ্ববিদ্যালয়ের পাশে ছাত্রীর ভাড়া বাসায় ছিলেন। রাত সাড়ে ১২টার দিকে মেজবাহ উদ্দিনের সহায়তায় রাকিব হোসেন ওই ছাত্রীর কক্ষে ঢুকে ধর্ষণের চেষ্টা করেন। ওই ছাত্রী জেগে ওঠে তাৎক্ষণিক সহপাঠীদের মোবাইল ফোনে বিষয়টি জানান। তারা ক্যাম্পাস থেকে ওই বাসায় গিয়ে তাকে উদ্ধার করেন এবং অভিযুক্ত দুই তরুণকে ক্যাম্পাসে নিয়ে আসেন। পরে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মকর্তা, প্রক্টর ৯৯৯-এ কল করে থানায় খবর দেন।

শিক্ষার্থীরা অভিযুক্ত ব্যক্তিদের ক্যাম্পাসে নিয়ে আসার পর রাত আড়াইটার দিকে সেখানে উপস্থিত হন সহকারী প্রক্টর মহিবুর রৌফ। তিনি বলেন, ঘটনার খবর পেয়ে আমরা এসেছিলাম। ঘটনাটি যেহেতু ক্যাম্পাসের মধ্যে ঘটেনি, তাই আমরা আশুলিয়া থানা পুলিশের কাছে অভিযুক্ত ব্যক্তিদের হস্তান্তর করেছি।

ক্যাম্পাসে সহকারী প্রক্টর ও পুলিশের উপস্থিতিতে শিক্ষার্থীদের সামনে জিজ্ঞাসাবাদের সময় অভিযুক্ত রাকিব হোসেন ধর্ষণচেষ্টার কথা স্বীকার করেন। তবে মেজবাহ উদ্দিন দাবি করেছেন, তিনি ঘটনায় জড়িত নন।

এ বিষয়ে আশুলিয়া থানার ওসি এসএম কামরুজ্জামান জানান, ভুক্তভোগীর দেওয়া লিখিত অভিযোগ মামলা হিসেবে নিয়ে অভিযুক্ত দুইজনকে গ্রেফতার দেখানো হয়েছে। তাদের আদালতে প্রেরণ করা হয়েছে। আদালত অভিযুক্ত দুইজনকে জেলহাজতে পাঠিয়েছেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023